গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
সংস্থাপন শাখা

জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত জেলা বাছাই কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ০৭/০৬/২০২২ খ্রি:। |
| সভার সময় | সকাল ১০:৩০ টা। |
| স্থান | জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্পের মূল লক্ষ্য হলো সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়া এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সে লক্ষ্যে সরকার ২০১২ সালে ‘সোনার বাংলা গড়ার প্রত্যয় : জাতীয় শুদ্ধাচার কৌশল’ শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Inegrity Strategy-NIS) প্রণয়ন করেছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ মোতাবেক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর তিনি গুরুত্বারোপ করেন।

উক্ত সভায় সরকার কর্তৃক জারীকৃত শুদ্ধাচার পুরস্কর প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ সভায় উপস্থাপন করা হয়। জেলা ও উপজেলা কার্যালয়ের প্রধান/গ্রেড-৪ হতে গ্রেড-৯ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে ২ জন, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ১ জন এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ১ জন কর্মচারীকে পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির সদস্যগণ কর্তৃক শুদ্ধাচার পুরস্কারের নিমিত্ত নিম্নবর্ণিত সুপারিশ করেন।


বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত ০৪ (চার) জন কর্মকর্তা-কর্মচারীকে উল্লিখিত নীতিমালা অনুসারে ২০২২-২৩ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার হিসেবে প্রত্যেককে সনদপত্র, ক্রেস্ট ও এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ প্রদানের জন্য নির্বাচন করা হয়:

| ক্রমিক নং | মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নাম ও পরিচিতি নম্বর | পদবী ও কর্মস্থল | গ্রেড |
|---|---|---|---|
| ১. | জনাব বিজন কুমার সিংহ (১৭০৩০) | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ। | ৪-৯ |
| ২. | জনাব মো: আনোয়ার উজ জামান (১৭৫৬৪) | উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | ৪-৯ |
| ৩. | জনাব পিন্টু চন্দ্র দাস | উপ- প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। | ১০-১৬ |
| ৪. | জনাব মনজু মিয়া | প্রসেস সার্ভার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। | ১৭-২০ |

সিদ্ধান্ত: ক) বর্ণিত ০৪ (চার) জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

খ)  পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণকে বিষয়টি পত্র মারফত অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০০৬.০৬.০২১.২০.২৩৫ তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০


০৮ জুন ২০২৩

বিতরণ : সদয় অবগতির জন্য

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) বিভাগীয় কমিশনার, সিলেট।



দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী
জেলা প্রশাসক